বাংলাদেশ ছাড়া আমার দ্বিতীয় কোনো ঠিকানা নেই -ধর্ম উপদেষ্টা

ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, বাংলাদেশ ছাড়া আমার দ্বিতীয় কোনো ঠিকানা নেই।

বুধবার রাজশাহীর গোদাগাড়ী গোগ্রামে নদওয়াতুল ইসলাম ক্বওমী মাদরাসার উদ্যোগে বাৎসরিক ওয়াজ মাহফিল ও কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

দেশকে ভালোবাসার আহ্বান জানিয়ে উপদেষ্টা বলেন, বাংলাদেশ আমাদের প্রিয় মাতৃভূমি। এখানে জন্ম, এখানেই বেড়ে ওঠা, মৃত্যুও এখানেই। অপরূপ সুন্দর আমাদের এদেশ। এদেশের আবহাওয়া নাতিশীতোষ্ণ। তিনি বাংলাদেশকে গড়ে তুলতে সকলকে এগিয়ে আসার অনুরোধ জানান।

ধর্ম উপদেষ্টা আরো বলেন, এ পৃথিবী ছেড়ে চলে যেতে হবে- এটাই বাস্তব। যেকোনো মুহূর্তে বাতি নিভে যাবে। ৫৪ বছর চলে গেলো, কিন্তু আমাদের জাতীয় চরিত্রের পরিবর্তন হলো না। চুরির অভ্যাস আমরা পরিহার করতে পারলাম না। মন্ত্রী, উপদেষ্টা, এমপি, চেয়ারম্যান সবাই আমরা চুরি করি। সকলকে ভালো হয়ে যাওয়া ও সৎ জীবনযাপন করার আহ্বান জানান তিনি। এছাড়া, নারী নির্যাতন ও দুর্নীতি বন্ধ করার অনুরোধ করেন উপদেষ্টা।

ইসলামি রিসার্চ সেন্টার, ঢাকার সিনিয়র মুহাদ্দিস মাওলানা হাছানের সভাপতিত্বে এতে বিশেষ অতিথির বক্তব্য দেন নদওয়াতুল ইসলাম কওমি মাদরাসার পরিচালক মাওলানা মোঃ মোখতার আলী, গোগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আসলাম আলী, ঢাকা এয়ারপোট জামে মসজিদের খতিব মাওলানা বিন ইয়ামিন সাদী ও গোগ্রাম কেন্দ্রিয় জামে মসজিদের খতিব মুফতি রশিদ আহমাদ ফারুকী প্রমূখ।

এর আগে উপদেষ্টা স্থানীয় দুস্থ-অসহায় শীতার্ত মানুষের মাঝে শতাধিক কম্বল বিতরণ করেন এবং মাদারাসার হাফেজ শিক্ষার্থীদের পাঁগড়ি পরিয়ে দেন।